

BANGLADESH HEALTH WATCH

১০ আগস্ট ২০২১

অধ্যাপক ডা. মিজানুর রহমান

পরিচালক, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২

বিষয়: দেশব্যাপী চলমান টিকা প্রদান কর্মসূচির আওতায় প্রান্তিক জনগোষ্ঠীর জন্য টিকা নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানাচ্ছে বাংলাদেশ হেলথ ওয়াচ

জনাব অধ্যাপক রহমান,

শুভেচ্ছা রইল।

নাগরিক সংগঠন বাংলাদেশ হেলথ ওয়াচ করোনার টিকা প্রাপ্তিতে হিজড়া জনগোষ্ঠীর প্রবেশাধিকার বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন তৈরিতে সহায়তা করে। প্রতিবেদনটি দৈনিক প্রথম আলো পত্রিকায় ৫ আগস্ট ২০২১ তারিখে প্রকাশিত হয়। সংবাদের লিঙ্কটি নিচে দেওয়া হল:

<https://www.prothomalo.com/amp/story/bangladesh/coronavirus/%E0%A6%9F%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%86%E0%A6%93%E0%A6%A4%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%A8%E0%A7%87%E0%A6%87-%E0%A6%B9%E0%A6%BF%E0%A6%9C%E0%A7%9C%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%BE>

প্রতিবেদন অনুসারে, হিজড়া জনগোষ্ঠী করোনা টিকা পাওয়ার ক্ষেত্রে বেশ কিছু প্রতিবন্ধকতা চিহ্নিত করেছে, যার মধ্যে একটি হল, রেজিস্ট্রেশনের সময় সুরক্ষা অ্যাপে হিজড়া বা তৃতীয় লিঙ্গ হিসেবে নিজেদের নিবন্ধিত করার সুযোগ না থাকা। উঠে আসা অন্যান্য প্রতিবন্ধকতাগুলো হচ্ছে, টিকা গ্রহণের জন্য কর্তৃপক্ষের কাছে যেতে ভয় পাওয়া, জন্ম নিবন্ধন সনদ বা জাতীয় পরিচয়পত্র না থাকার ফলে বয়সসীমা নিয়ে বিভ্রান্তি প্রমুখ। হিজড়ারা টিকাদানের জন্য অগ্রাধিকারপ্রাপ্ত ২৫টি শ্রেণির অন্তর্ভুক্ত নয়, যদিও জীবনধারা এবং পেশার কারণে তারা করোনা সংক্রমণের উচ্চ ঝুঁকিতে রয়েছে।

হিজড়া জনগোষ্ঠীর উচ্চ ঝুঁকির পরিপ্রেক্ষিতে বাংলাদেশ হেলথ ওয়াচের পক্ষ থেকে আমরা আপনাকে আন্তরিকভাবে নিম্নোক্ত অনুরোধ করছি:

- সুরক্ষা অ্যাপে তৃতীয় লিঙ্গ যুক্ত করা হোক,
- হিজড়াদের একটি অগ্রাধিকারপ্রাপ্ত শ্রেণি হিসাবে অন্তর্ভুক্ত করা হোক, এবং
- তাদের জীবনযাত্রা বিবেচনায় নিয়ে টিকা গ্রহণে আগ্রহী করে তুলতে বিশেষ উদ্যোগ গ্রহণ করা হোক।

আপনার বিশ্বস্ত,

আবু মোহাম্মদ জাকির হোসাইন, পিএইচডি

আহ্বায়ক, টিকা বিষয়ক থিমটিক গ্রুপ
বাংলাদেশ হেলথ ওয়াচ

আ. মোশতাক চৌধুরী, পিএইচডি
আহ্বায়ক
বাংলাদেশ হেলথ ওয়াচ

অনুলিপি, সদয় অবগতির জন্যঃ

১। **অধ্যাপক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম**, মহাপরিচালক, স্বাস্থ্যসেবা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২। **ডা. মো. শামসুল হক**, লাইন ডিরেক্টর (এমএনসিঅ্যান্ডএইচ), স্বাস্থ্য অধিদপ্তর।

৩। **অধ্যাপক ডা. নাজমুল ইসলাম**, লাইন ডিরেক্টর (সিডিসি), স্বাস্থ্য অধিদপ্তর।